

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
চট্টগ্রাম বিভাগ
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.১৫০৬.৬৩১.০০৭.০০২.২৬-১২৭৬ ।  তারিখঃ ৩১.০৮.২০২৬ খ্রিঃ।

## ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৬-২০২৭

সূত্রঃ প্রধান কার্যালয়ের স্মারক নং-২৫.৩৮.০০০০.৬০১.১৪. ১১০. ১৯-৬১  তারিখঃ ১৬.০২.২০২৬ খ্রিঃ।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রামের আওতাধীন নোয়াখালীস্থ মাইজদী হাউজিং এস্টেট এর(১ম পর্যায়) প্রকল্প এলাকায় ২(দুই) টি পুকুর বিদ্যমান আছে। উক্ত পুকুর ২(দুই) টি ০৩ (তিন) বছর মেয়াদে মৎস্য চাষের নিমিত্ত ইজারা দেয়ার জন্য আগ্রহী মৎস্য চাষী অথবা ব্যক্তি/প্রতিষ্ঠান অথবা জেলা প্রশাসক কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতি, নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন, যারা রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর (ভ্যাট) ব্যবস্থার আওতায় নিবন্ধিত হয়েছে তাদের নিকট হতে নির্ধারিত সিডিউলে এতদ্বারা সীল মোহরকৃত ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা দরপত্র (১) নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তর ও (২) সহকারী প্রকৌশলীর কার্যালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মাইজদী নোয়াখালী এর দপ্তরে আগামী ২১.০৯.২০২৬খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার সময় পর্যন্ত দরপত্র বাক্সে গৃহীত হবে এবং ঐ দিনই দুপুর ০১:০০ ঘটিকায় ইজারা দরপত্রে অংশগ্রহণকারী/প্রতিনিধিগণের উপস্থিতিতে (যারা উপস্থিত থাকতে আগ্রহী) নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে।

ইজারা দরপত্রের সিডিউল আগামী ২০.০৯.২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রতিসেট সিডিউলের মূল্য টাঃ ২,০০০/- (দুই হাজার) মাত্র (অফেরতযোগ্য) পরিশোধ পূর্বক নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী প্রকৌশলীর কার্যালয়, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মাইজদী, নোয়াখালী হতে ক্রয় করা যাবে। দরপত্রে আগ্রহীগণ উদ্ধৃত মূল্যের শতকরা ১০% (দশ শতাংশ) জামানতের টাকা নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে সিডিউলের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

নিম্ন-স্বাক্ষরকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৩১.০৮.২৬

(কাজী নজরুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
ফোন নং-০২৪১৩৫৫৪৮৫
E-mail-ee_ctg@nha.gov.bd